দৈনিক জনকণ্ঠ

29 MAY 2017

# ঢাবির এক শ' দরিদ্র শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা শিক্ষা অনুষদের বিভিন্ন বিভাগের এক শ' দরিদ্র ও মেধাবী আবাসিক শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়েছে। রবিবার ব্যবসা শিক্ষা অনুষদের আব্দুল্লাহ ফারুক মিলনায়তনে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ব্যবসা শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেফ মোঃ আলী, ব্র্যাক ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী সেলিম আর এফ হুসাইন।

অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের উদ্দেশ করে বলেন, একটি দেশের সম্পদ হলো মেধা। তোমরা এই দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের মেধাবী শিক্ষার্থী। সবার মাঝেই অমিত সম্ভাবনা আছে, সেই সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।